দৈনিক ইনকিলাব

তারিখ ... ... AUG. 29 1999 ...
পৃষ্ঠা 20 কলাম 2 ......

28

# পটুয়াখালী জেলায় ৯টি স্কুলে সরকার প্রদত্ত অডিও কন্ট্রোল সেট অচল হয়ে গেছে

পটুয়াখালী জেলা সংবাদদাতা ঃ সঠিক রক্ষণাবেক্ষণ, অযত্ন ও অবহেলার কারণে প্রায় অর্ধকোটি টাকা মূল্যের ৯টি অডিও কন্ট্রোল সেট অচল হয়ে পড়ে আছে। শিক্ষার্থীদের সুবিধার্থে জেলার ১১টি মাধ্যমিক বিদ্যালয়ে প্রায় দেড় যুগ আগে এগুলো বিতরণ করা হয়।

সূত্র মতে, ১৯৮১ সালে তৎকালীন প্রেসিডেন্ট জাপান সফরকালে জাপান সরকার ৫শ' অডিও কন্ট্রোল কনসোল সেট উপহার দেন। পরবর্তীতে পটুয়াখালী জেলার ১১টি মাধ্যমিক বিদ্যালয়ের জন্য ১১টি সেট প্রদান করা হয়। প্রায় দেড় যুগ আগে দেয়া সেটগুলো সঠিকভাবে রক্ষণাবেক্ষণ এবং পরিচালনা না করায় ইঁদুর ও উঁইপোকায় ইতোমধ্যে ৯টিকে ব্যবহারের অযোগ্য করে ফেলেছে। বর্তমানে ঐ সেটের মেরামত কাজে ব্যবহৃত ক্ষুদ্র যন্ত্রাংশ না পাওয়ায় এগুলো মেরামত করা সম্ভব হচ্ছে না, যার ফলে একদিকে যেমন শিক্ষার্থীরা বঞ্চিত হচ্ছে, তেমনি অর্ধকোটি টাকা মূল্যের সেটগুলো অকেজো হয়ে পড়ে রয়েছে।